

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা।



বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।


লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৩-০৯-২০২০ খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান জনাব রফিকুল হাসানের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (কক্ষ নং ১১০৩, ১১ তলা, পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট সকল প্রতিনিধিদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব সৌমেন পালিত বাবু কে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যক্রমের বিপরীতে কর্মসম্পাদন সূচক অনুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ
সিদ্ধান্তসমূহঃ

- (ক) প্রতি মাসে এপিএ কমিটির সভা করতে হবে।
- (খ) তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ অক্টোবর, ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব এবং টিম প্রধান

এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি